শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭-৩-এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৭.০৬.০০১.১৮-৩৯ তারিখ : ১২-০২-২০১৯ খ্রি: ।

বিষয়ঃ- SDG বাস্তবায়নে প্রতিটি মাদ্রাসায় শতভাগ বিদ্যুৎ, ইন্টারনেট, নিরাপদ খাবার পানি ও পৃথক স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত পূর্বক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে অবহিত করণ প্রসঙ্গে।

সূত্রঃ (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের, উন্নয়ন বাজেট শাখার স্মারক নং-৩৭.০০.০০০০.১২৪.১৭.০১৩.১৭-০৭, তারিখ: ০৭-০২-২০১৯ খ্রি: ।
(২)মুখা সমন্বয়ক (এসডিজি) প্রধানমন্ত্রীর কার্যালয়ের ডি.ও.নং-০৩.০৪৩.০৪৬.০০.০০.০০১.২০১৯-১১, তারিখ: ৩১-০১-২০১৯ খ্রি: ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের, উন্নয়ন বাজেট শাখা কর্তৃক SDG বাস্তবায়নের জন্য প্রতিটি মাদ্রাসায় শতভাগ বিদ্যুৎ, ইন্টারনেট, নিরাপদ খাবার পানি ও পৃথক স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত পূর্বক SDG বিষয়ে সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে নির্দেশনা দেয়া হয়েছে ।

২। এমতাবস্থায়, সূত্রোক্ত (২) নং স্মারকের মাধ্যমে সূচকের ভিত্তিতে বাংলাদেশের এসডিজি অগ্রাধিকার তালিকার ৪ এর লক্ষ্যমাত্রার ক্রমিক নং-১২ এর নির্দেশনার আলোকে SDG বাস্তবায়নের জন্য প্রতিটি মাদ্রাসায় শতভাগ বিদ্যুৎ, ইন্টারনেট, নিরাপদ খাবার পানি ও পৃথক স্যানিটেশন ব্যবস্থা আছে কিনা তা নিশ্চিত করে নিম্নে ছক অনুযায়ী তথ্য পূরণ/প্রদান পূর্বক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে আগামী ২৮-০২-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে অবহিত করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও মোবাইল নম্বর | বিদ্যুৎ সংযোগ আছে কিনা (হ্যাঁ/না ) | ইন্টারনেট সংযোগ আছে কিনা (হ্যাঁ/না ) | নিরাপদ খাবার পানির ব্যবস্থা আছে কিনা(হ্যাঁ/না) | পৃথক স্যানিটেশন ব্যবস্থা আছে কিনা (হ্যাঁ/না ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

সংযুক্তি: বর্ণনা মতে ০৭ ফর্দ ।

১২/২/২০১৯
(মোঃ ফরিদ আহম্মেদ)
সহকারী পরিচালক (গবেষণা ও উন্নয়ন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন নং- ৫৫১৩৮৫১৩

**বিতরণঃ**
প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য প্রেরণ করা হলো।

১। অধ্যক্ষ, মাদ্রাসা-ই- আলিয়া, ঢাকা/অধ্যক্ষ, সরকারি মুস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া/সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট।
২। জেলা শিক্ষা অফিসার ..................................................সকল।

অনুলিপি :
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম-তলা ), সচিবালয় লিংক রোড, ঢাকা ।
২। অফিস কপি।

Farid.S.A.S -3

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
পিরোজপুর।

স্মারক নং-জেশিঅ/পিরোজ/২০১৯/৮৭(১১) তারিখঃ ১৭/০২/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।

২। জেলা প্রশাসক, পিরোজপুর।

৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার........................................ (সকল), পিরোজপুর। তাঁকে/তাঁদেরকে সংযুক্ত পত্রের (স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৭.০৬.০০১.১৮-৩১ তারিখঃ ১২/০২/১৯ ) নির্দেশনা মোতাবেক SDG বাস্তবায়নের জন্য প্রদত্ত ছক অনুযায়ী মাদ্রাসার তথ্য আগামী ২৫/০২/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৫। সংরক্ষণ নথি।

১৭/২/১৯

(সুনিল চন্দ্র সেন)
জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
পিরোজপুর।

১৭/২/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
উন্নয়ন বাজেট

নং-৩৭.০০.০০০০.১২৪.১৭.০১৩.১৭-০৭

তারিখ: ২৫ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
০৭ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়:** এসডিজি বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ সমূহের গৃহীত কার্যক্রম/পদক্ষেপ এর অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন।

সূত্র: মুখ্য সমন্বয়ক (এসডিজি) প্রধানমন্ত্রীর কার্যালয়ের ডি.ও. নং-০৩.০৪৩.০৪৬.০০.০০.০০১.২০১৯-১১, তারিখ: ৩১ জানুয়ারি, ২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয় প্রেরিত ডি.ও পত্রের মাধ্যমে নিম্নে উল্লিখিত বিষয়ের ওপর পদক্ষেপ গ্রহণের অনুরোধ করা হয়েছে:

ক) মন্ত্রণালয়/ বিভাগ, অধিদপ্তর, বিভাগীয়, জেলা ও উপজেলা কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট প্রাইভেট সেক্টরের ব্যক্তিগণকে এসডিজি বিষয়ক ধারণা প্রদান, *'আমার গ্রাম আমার শহর'* আদর্শকে ধারণ করে স্থানীয় পর্যায়ের চাহিদা নিরূপণ ও তা বাস্তবায়নে কর্মপরিকল্পনা গ্রহণ। মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ে একটি ওয়ার্কশপের মাধ্যমে এ কাজ সত্বর শুরু করা যেতে পারে;

খ) মন্ত্রণালয়/বিভাগের অধীন সেক্টর কর্পোরেশন ও কোম্পানীসমূহ এসডিজি বাস্তবায়নে কী কী উদ্যোগ গ্রহণ করেছে সে বিষয়ে একটি প্রতিবেদন আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০১৯ এর মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ;

গ) সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি) কর্তৃক সম্পাদিত ও প্রকাশিত এসডিজি অ্যাকশন প্ল্যান হতে ঐ সকল প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে নির্বাচনকরণ যেগুলোর বাস্তবায়ন টেকসই উন্নয়নের ক্ষেত্রে দৃশ্যমান অগ্রগতি পরিলক্ষিত হবে;

ঘ) সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিকে এসডিজি বিষয়ে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থাকরণ;

ঙ) অধিদপ্তর, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে আগামী এক মাসের মধ্যে ফোকাল পয়েন্ট নির্ধারণ করে তাদের প্রশিক্ষণ প্রদান এবং তাদের মাধ্যমে তৃণমূল পর্যায়ে এসডিজি বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ;

চ) নিয়ন্ত্রণাধীন সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এসডিজি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন, বুনিয়াদি এবং বিভাগীয় প্রশিক্ষণে এসডিজি বিষয়ক মডিউল অন্তর্ভুক্তকরণ;

ছ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে এসডিজি বিষয়ক কার্যক্রম অন্তর্ভুক্তকরণ;

জ) নতুন প্রকল্প প্রণয়নকালে সকল বিষয়ে টেকসই উন্নয়ন অভীষ্টের মূল ধারণাকে সম্পৃক্তকরণ, প্রকল্প নির্বাচন, বাস্তবায়ন ও পরিবীক্ষণে সংশ্লিষ্ট অংশীজনকে সম্পৃক্তকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

ঝ) মানব সম্পদ উন্নয়নে চাহিদা নিরূপণ করে দেশে-বিদেশে বিভিন্ন মেয়াদী প্রশিক্ষণ ও উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টি;

ঞ) এসডিজি বাস্তবায়নে মাননীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী, সিভিল সোসাইটি, ব্যবসায়ী ও ব্যক্তিখাত, বৈজ্ঞানিক, বিভিন্ন পেশাজীবী গ্রুপ ও সাধারণ জনগণকে সম্পৃক্তকরণ;

ট) টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়নে সংশ্লিষ্ট দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে নির্ধারিত এসডিজি লোগো ব্যবহার উৎসাহিতকরণ।

০২। উপর্যুক্ত বিষয়ে গৃহীত/বাস্তবায়িত এবং গৃহীতব্য/বাস্তবায়িতব্য কার্যক্রম সংক্রান্ত একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী ১২/০২/২০১৯ তারিখ বেলা ৩:০০ ঘটিকার মধ্যে আবশ্যিকভাবে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭/০২/২০১৯

সংযুক্তিঃ বর্ণনা মোতবেক।

মোঃ নজরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫০৮৩০
nazrul.th@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
০৩। পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা।
০৬। অধ্যক্ষ, বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর, ঢাকা।

¢a¢Is²
p¤f¡¢In

2500

পূর্ব পৃষ্ঠা হতে-

নং-৩৭.০০.০০০০.১২৪.১৭.০১৩.১৭-০৭

তারিখ: ২৫ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
০৭ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতিরি জন্য অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। সিনিয়র সহকারী সচিব (বাজেট), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সংশ্লিষ্ট নথি।

07/02/2019

মোঃ নজরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫০৮৩০
nazrul.th@gmail.com

অতি জরুরী

অতি: সচিব (প্র: ও উ:)

মোঃ আবুল কালাম আজাদ
মুখ্য সমন্বয়ক (এসডিজি)
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি.ও. নং: ০৩.০৪৩.০৪৬.০০.০০.০০১.২০১৯-১১

তারিখ: ১৮ মাঘ ১৪২৫ / ৩১ জানুয়ারি ২০১৯

প্রিয় সচিব,

আপনি অবগত আছেন যে, এসডিজি বাস্তবায়নে মন্ত্রণালয়/ বিভাগসমূহকে তাদের কার্যক্রমের সাথে সঙ্গতি রেখে লিড, কো-লিড বা সহযোগী মন্ত্রণালয়/ বিভাগ হিসাবে চিহ্নিত করে দায়িত্ব অর্পণ করা হয়েছে। ইতোমধ্যে মন্ত্রণালয়/ বিভাগসমূহ তাদের দায়িত্ব সুচারুরূপে সম্পাদনে এসডিজি অ্যাকশন প্ল্যানও চূড়ান্ত করেছে। এসডিজি বাস্তবায়নে জাতীয় পর্যায়ে ইতোমধ্যে গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিষয়টি এখন স্থানীয় পর্যায়ে সম্প্রসারণ করা প্রয়োজন।

২। গত ৩ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে জেলা ও উপজেলা পর্যায়ে এসডিজি স্থানীয়করণে ৪০টি (৩৯+১) সূচকের মাধ্যমে এসডিজি অগ্রাধিকার তালিকা অনুমোদন দেয়া হয়েছে (কপি সংযুক্ত)। আশা করা হচ্ছে এই অগ্রাধিকার তালিকা মোতাবেক জেলা, উপজেলা ও স্থানীয় পর্যায়ের সকল সরকারি দপ্তরে ও প্রাইভেট সেক্টরে এসডিজি বাস্তবায়ন ও পরিবীক্ষণ সম্ভব হবে।

৩। চলতি বছর জুলাই মাসের প্রথম সপ্তাহে দ্বিতীয় "National Conference on SDG Implementation Review (SIR)" সম্মেলনে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত সময়ে এসডিজির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। এর পূর্বে এসডিজি বাস্তবায়ন পর্যালোচনা উপজেলা পর্যায় থেকে শুরু হয়ে জেলা পর্যায়, তারপর অধিদপ্তর এবং মন্ত্রণালয় পর্যায়ে সম্পন্ন হবে।

৪। আমরা আশা করছি উপজেলাসমূহ তাদের কর্মপরিকল্পনা প্রণয়ন/ মূল্যায়ন এপ্রিলের মধ্যে সম্পন্ন করতে সক্ষম হবে যার উপর ভিত্তি করে জেলাসমূহ তাদের কর্মপরিকল্পনা মে মাসে সম্পন্ন করতে পারবে। জুন মাসের মধ্যে অধিদপ্তর ও মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ে এসডিজির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পন্ন করতে হবে যেন জুলাই মাসে জাতীয় পর্যায়ের অনুষ্ঠান আয়োজন করা যায়। এনজিও বিষয়ক ব্যুরোর তত্ত্বাবধানে এনজিওসমূহ নিজস্ব ব্যবস্থাপনায় তাদের কার্যক্রম পর্যালোচনা করবে এবং জাতীয় পর্যায়ের পর্যালোচনায় অবদান রাখবে। ব্যক্তিখাত ও উন্নয়ন সহযোগিরাও জাতীয় পর্যায়ের পর্যালোচনায় কার্যকরভাবে অংশগ্রহণ করবে।

৫। এমতবস্থায় টেকসই উন্নয়ন অভীষ্ট সংশ্লিষ্ট কার্যক্রম সফলভাবে সম্পাদনে আপনার মন্ত্রণালয়/ বিভাগ হতে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণের অনুরোধ করছি:

(ক) আপনার মন্ত্রণালয়/ বিভাগ, অধিদপ্তর, বিভাগীয়, জেলা ও উপজেলা কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট প্রাইভেট সেক্টরের ব্যক্তিগণকে এসডিজি বিষয়ক ধারণা প্রদান, "আমার গ্রাম আমার শহর" আদর্শকে ধারণ করে স্থানীয় পর্যায়ের চাহিদা নিরূপণ ও তা বাস্তবায়নে কর্মপরিকল্পনা গ্রহণ। মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ে একটি ওয়ার্কশপের মাধ্যমে এ কাজ সত্বর শুরু করা যেতে পারে;

(খ) আপনার মন্ত্রণালয় বিভাগের অধীন সেক্টর কর্পোরেশন ও কোম্পানীসমূহ এসডিজি বাস্তবায়নে কী কী উদ্যোগ গ্রহণ করেছে সে বিষয়ে একটি প্রতিবেদন আগামী ১৫ ফেব্রুয়ারির মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরন;

চলমান পাতা-২

SUSTAINABLE DEVELOPMENT GOALS

মোঃ আবুল কালাম আজাদ
মুখ্য সমন্বয়ক (এসডিজি)
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



(গ) সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি) কর্তৃক সম্পাদিত ও প্রকাশিত এসডিজি অ্যাকশন প্ল্যান হতে ঐ সকল প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে নির্বাচনকরণ যেগুলোর বাস্তবায়ন টেকসই উন্নয়নের ক্ষেত্রে দৃশ্যমান অগ্রগতি পরিলক্ষিত হবে;

(ঘ) সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিকে এসডিজি বিষয়ে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থাকরণ;

(ঙ) অধিদপ্তর, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে আগামী এক মাসের মধ্যে ফোকাল পয়েন্ট নির্ধারণ করে তাদের প্রশিক্ষণ প্রদান এবং তাদের মাধ্যমে তৃণমূল পর্যায়ে এসডিজি বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ;

(চ) আপনার নিয়ন্ত্রণাধীন সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এসডিজি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন, বুনিয়াদি এবং বিভাগীয় প্রশিক্ষণে এসডিজি বিষয়ক মডিউল অন্তর্ভুক্তকরণ;

(ছ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে এসডিজি বিষয়ক কার্যক্রম অন্তর্ভুক্তকরণ;

(জ) নতুন প্রকল্প প্রণয়নকালে সকল বিষয়ে টেকসই উন্নয়ন অভীষ্টের মূল ধারণাকে সম্পৃক্তকরণ; প্রকল্প নির্বাচন, বাস্তবায়ন ও পরিবীক্ষণে সংশ্লিষ্ট অংশীজনকে সম্পৃক্তকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(ঝ) মানব সম্পদ উন্নয়নে চাহিদা নিরূপণ করে দেশে-বিদেশে বিভিন্ন মেয়াদী প্রশিক্ষণ ও উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টি;

(ঞ) এসডিজি বাস্তবায়নে মাননীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী, সিভিল সোসাইটি, ব্যবসায়ী ও ব্যক্তিখাত, বৈজ্ঞানিক, বিভিন্ন পেশাজীবী গ্রুপ ও সাধারণ জনগণকে সম্পৃক্তকরণ;

(ট) টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়ন সংশ্লিষ্ট দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে নির্ধারিত এসডিজি লোগো ব্যবহার উৎসাহিতকরণ;

৬। আপনার মন্ত্রণালয়ের এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা এসডিজি বাস্তবায়নে আপনাকে কার্যকর সহযোগিতা করতে পারবেন। টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়নে এবং স্থানীয় পর্যায়ে এটিকে সম্প্রসারণে উপর্যুক্ত কার্যক্রম সঠিকভাবে নির্ধারিত সময়ে সম্পাদনে আপনার ব্যক্তিগত উদ্যোগ কামনা করছি।

শুভেচ্ছান্তে

(মোঃ আবুল কালাম আজাদ)

জনাব মোঃ আলমগীর
সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# সূচকের ভিত্তিতে বাংলাদেশের এসডিজি অগ্রাধিকার তালিকা

| অভীষ্ট নম্বর | অভীষ্ট (Goal) | বাংলাদেশের অগ্রাধিকার লক্ষ্যমাত্রা (২০৩০) | ভিত্তি (উপাত্ত এবং বছর) | লক্ষ্যমাত্রার ক্রমিক |
|---|---|---|---|---|
| ১ | সর্বত্র সব ধরনের দারিদ্র্যের অবসান | • চরম দারিদ্র্যের হার ৩% এর নীচে নামিয়ে আনা | ১২.৯% (বিবিএস, ২০১৬) | ১ |
| | | • দারিদ্র্যের হার ১০% এর নীচে নামিয়ে আনা | ২৪.৩% (বিবিএস, ২০১৬) | ২ |
| ২ | ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জন এবং টেকসই কৃষির প্রসার | • অনুর্ধ্ব ৫-বছর বয়সী খর্বিত শিশুর হার ১২% এ নামিয়ে আনা | ৩৬.১ % (নিপোর্ট,২০১৪) | ৩ |
| | | • আবাদযোগ্য জমির হার ন্যূনতম ৫৫% বজায় রাখা | ৫৮.১৩% (বিবিএস, ২০১৫) | ৪ |
| ৩ | সকল বয়সী সকল মানুষের জন্য সুস্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিতকরণ | • প্রতি ১০০০ জীবিত জন্মে নবজাতকের মৃত্যুহার ১২ তে নামিয়ে আনা | ২০ (বিবিএস, ২০১৫) | ৫ |
| | | • প্রতি ১০০০ জীবিত জন্মে অনূর্ধ্ব ৫-বয়সী শিশু মৃত্যুরহার ২৫ এ নামিয়ে আনা | ৩৬ (বিবিএস, ২০১৫) | ৬ |
| | | • প্রতি ১০০০০০ জীবিত জন্মে মাতৃমৃত্যু হার ৭০ এ নামিয়ে আনা | ১৮১ (বিবিএস, ২০১৫) | ৭ |
| | | • সড়ক দুর্ঘটনায় সংঘটিত মৃত্যুর হার প্রতি ১০০০০০ জনে ১.২ এ নামিয়ে আনা | ২.২৯ (জননিরাপত্তা বিভাগ ২০১৫) | ৮ |
| ৪ | সকলের জন্য অন্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক গুণগত শিক্ষা নিশ্চিতকরণ এবং জীবনব্যাপী শিক্ষালাভের সুযোগ সৃষ্টি | • প্রাথমিক শিক্ষা সমাপনীতে পাশের হার ১০০% এ উন্নীত করা এবং বজায় রাখা | ৯৮.৫২% (প্রাথমিক+এবতেদায়ি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ২০১৫) | ৯ |
| | | • নিম্ন মাধ্যমিক সমাপনীতে পাশের হার ১০০% এ উন্নীত করা এবং বজায় রাখা | ৯২.৮৯% (শিক্ষা মন্ত্রণালয়, ২০১৬) | ১০ |
| | | • মাধ্যমিক স্তরে (এসএসসি, দাখিল, ও ভকেশনাল) প্রতি বছরে পাশ করা মোট শিক্ষার্থীর তুলনায় এসএসসি কারিগরি স্তরে পাশ করা মোট শিক্ষার্থীর অনুপাত ২০ এর উর্ধ্বে রাখা | তথ্য পাওয়া যায়নি | ১১ |
| | | • শতভাগ বিদ্যালয়ে নিম্নোক্ত সুবিধা সমূহ নিশ্চিত করা<br>ক. বিদ্যুৎ<br>খ. ইন্টারনেট<br>গ. নিরাপদ খাবার পানি<br>ঘ. পৃথক স্যানিটেশন ব্যবস্থা | প্রাথমিক<br>ক. বিদ্যুৎ: ৫৮%<br>খ. ইন্টারনেট: ০.৮%<br>গ. নিরাপদ খাবার পানি: ৮২%<br>ঘ. পৃথক স্যানিটেশন ব্যবস্থা: ৪৮%<br>মাধ্যমিক<br>ক. বিদ্যুৎ: ৮৬.০৩%<br>খ. ইন্টারনেট: ৭২%<br>গ. নিরাপদ খাবার পানি: তথ্য নাই<br>ঘ. পৃথক স্যানিটেশন ব্যবস্থা: তথ্য নাই<br>(ব্যানবেইজ - ২০১৫) | ১২ |

২

| অভীষ্ট নম্বর | অভীষ্ট (Goal) | বাংলাদেশের অগ্রাধিকার লক্ষ্যমাত্রা (২০৩০) | ভিত্তি (উপাত্ত এবং বছর) | লক্ষ্যমাত্রার ক্রমিক |
|---|---|---|---|---|
| | | • শতভাগ বিদ্যালয়ে প্রতিবন্ধী-শিশু বান্ধব পরিবেশ নিশ্চিত করা | প্রাথমিক: ৩৪% মাধ্যমিক: ১৪% (শুধুমাত্র র‍্যাম্প) (ব্যানবেইজ - ২০১৫) | ১৩ |
| ৫ | জেন্ডার সমতা অর্জন এবং সকল নারী ও মেয়েদের ক্ষমতায়ন | • ১৫ বছরের নীচে বাল্যবিবাহ সংঘটনের হার শূন্যে নামিয়ে আনা | ২৯% (ইউনিসেফ, ২০১৫) | ১৪ |
| | | • ১৮বছরের নীচে বাল্যবিবাহ সংঘটনের হার ১০% এ নামিয়ে আনা | ৫২% (ইউনিসেফ, ২০১৫) | ১৫ |
| | | • উৎপাদনশীল কর্মকাণ্ডে নারীর অংশগ্রহণ শতকরা হার ৫০% এ উন্নীত করা | ৩৫.৬% (বিবিএস, ২০১৫) | ১৬ |
| ৬ | সকলের জন্য পানি ও স্যানিটেশনের টেকসই ব্যবস্থাপনা ও প্রাপ্যতা নিশ্চিত করা | • নিরাপদ খাবার পানি সুবিধা ভোগী জনসংখ্যা শতভাগে উন্নীত করা। | ৮৮% (জেএমপি, ২০১৫) | ১৭ |
| | | • নিরাপদ স্যানিটেশন সুবিধা ভোগী জনসংখ্যা শতভাগে উন্নীত করা। | ৬১ % (জেএমপি, ২০১৫) | ১৮ |
| ৭ | সকলের জন্য সাশ্রয়ী, নির্ভরযোগ্য, টেকসই ও আধুনিক জ্বালানি সহজলভ্য করা | • বিদ্যুৎ সুবিধা ভোগীর সংখ্যা শতভাগে উন্নীত করা। | ৭৮% (বিবিএস, ২০১৫) | ১৯ |
| | | • নবায়নযোগ্য জ্বালানি ব্যবহার ১০%এ উন্নীত করা। | ২.৭৯ (শ্রেডা, ২০১৫) | ২০ |
| ৮ | সকলের জন্য পূর্ণাঙ্গ ও উৎপাদনশীল কর্মসংস্থান এবং শোভন কর্মসুযোগ সৃষ্টি এবং স্থিতিশীল, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন | • জিডিপি'র বার্ষিক প্রবৃদ্ধি ১০% এর উর্ধ্বে উন্নীত করা | ৬.৫৫% (বিবিএস, ২০১৪-১৫) | ২১ |
| | | • বেকারত্বের হার ৩% এর নীচে নামিয়ে আনা | ৪.১৮% (বিবিএস, ২০১৫) | ২২ |
| | | • শিক্ষা, প্রশিক্ষণ, বা কর্মে নিয়োজিত নয় এমন যুব জনসংখ্যার (১৫-২৯ বছর) অনুপাত ১০% এর নিচে নামিয়ে আনা | ৩১.২০% (বিবিএস, ২০১৫) | ২৩ |
| ৯ | অভিঘাত সহনশীল অবকাঠামো নির্মাণ, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই শিল্পায়নের প্রবর্ধন এবং উদ্ভাবনার প্রসারণ | • শতভাগ পাকা সড়ক নিশ্চিত করা | তথ্য পাওয়া যায়নি | ২৪ |
| | | • জিডিপিতে উৎপাদন-শিল্পখাতের (ম্যানুফ্যাকচারিং) অবদান ৩৫% এ উন্নীত করা | ১৭.৬% (বিবিএস, ১৫) | ২৫ |
| | | • উৎপাদন-শিল্পখাতে (ম্যানুফ্যাকচারিং) মোট কর্মসংস্থানের হার ২৫% এ উন্নীত করা | ১৪.৪% (বিবিএস, ২০১৫) | ২৬ |
| | | • তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে উদ্যোক্তার সংখ্যা দশগুণকরা | তথ্য পাওয়া যায়নি | ২৭ |
| ১০ | অন্তঃ ও আন্তঃদেশীয় অসমতা কমিয়ে আনা | • আয় বিচারে উর্ধ্ব ও নিম্ন সীমায় অবস্থানকারী ১০% জনসংখ্যার আয়ের অনুপাত ২০ এ নামিয়ে আনা | ৩৭.৮ (বিবিএস, ২০১৬) | ২৮ |
| | | • বিদেশগামী শ্রমিকের অভিবাসন ব্যয় এবং তার বার্ষিক আয়ের গড় অনুপাত ১০% এ সীমিত রাখা | তথ্য পাওয়া যায়নি | ২৯ |
| ১১ | অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, অভিঘাতসহনশীল এবং টেকসই নগর ও জনবসতি গড়ে তোলা | • সকল গণপরিবহনে নারী, শিশু, বৃদ্ধ এবং প্রতিবন্ধী-বান্ধব ব্যবস্থা (ন্যূনতম ২০% আসন) নিশ্চিত করা | তথ্য পাওয়া যায়নি | ৩০ |
| ১২ | পরিমিত ভোগ ও টেকসই উৎপাদন ধরন নিশ্চিত করা | • শতভাগ শিল্প কারখানায় বর্জ্য পরিশোধন পদ্ধতি প্রবর্তন ও বাস্তবায়ন নিশ্চিত করা | ৬০% (পরিবেশ অধিদপ্তর, ২০১৫) | ৩১ |

| অভীষ্ট নম্বর | অভীষ্ট (Goal) | বাংলাদেশের অগ্রাধিকার লক্ষ্যমাত্রা (২০৩০) | ভিত্তি (উপাত্ত এবং বছর) | লক্ষ্যমাত্রার ক্রমিক |
|---|---|---|---|---|
| ১৩ | জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব মোকাবেলায় জরুরি কর্মব্যবস্থা গ্রহণ | • প্রাকৃতিক দুর্যোগে প্রতি ১০০,০০০ জনে বছরে মৃত, নিখোঁজ ও সরাসরি দুর্যোগ আক্রান্ত মানুষের সংখ্যা ১৫০০ এর নীচে নামিয়ে আনা | ১২৮৮১ (বিবিএস, ২০১৫) | ৩২ |
| ১৪ | টেকসই উন্নয়নের জন্য সাগর, মহাসাগর ও সামুদ্রিক সম্পদের সংরক্ষণ ও টেকসই ব্যবহার | • মোট সামুদ্রিক এলাকার তুলনায় সংরক্ষিত এলাকার বিস্তৃতি ৫% এ উন্নীত করা | (ডিএনআর, ২০১৭) | ৩৩ |
| ১৫ | স্থলজ বাস্তুতন্ত্রের পুনরুদ্ধার ও সুরক্ষা প্রদান এবং টেকসই ব্যবহারে পৃষ্ঠপোষণা, টেকসই বন ব্যবস্থাপনা | • মোট ভূমির তুলনায় বনভূমির পরিমাণ ১৮% এ উন্নীত করা | ১৩.২২ (বনবিভাগ, ২০১৫) | ৩৪ |
| | | • মোট ভূমির তুলনায় বৃক্ষাচ্ছাদিত ভূমির পরিমাণ ২৫% এ উন্নীত করা | ২২% ( বনবিভাগ,২০১৬) | ৩৫ |
| ১৬ | টেকসই উন্নয়নের জন্য শান্তিপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক সমাজ ব্যবস্থার প্রচলন, সকলের জন্য ন্যায় বিচার প্রাপ্তির পথ সুগম করা এবং সকল স্তরে কার্যকর, জবাবদিহিতাপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক প্রতিষ্ঠান বিনির্মাণ | • অনূর্ধ্ব -৫ বছর বয়সী শিশুদের জন্ম নিবন্ধনের হার শতভাগে উন্নীত করা ও বজায় রাখা | ৩৭% (বিবিএস, ২০১২-১৩) | ৩৬ |
| | | • জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক আমলকৃত (cognizance) অভিযোগ এবং নিস্পত্তির হার ৬০% এ উন্নীতকরণ | ৪৬% (জাতীয় মানবাধিকার কমিশন, ২০১৫) | ৩৭ |
| ১৭ | টেকসই উন্নয়নের জন্য বৈশ্বিক অংশীদারিত্ব উজ্জীবিতকরণ ও বাস্তবায়নের উপায়সমূহ শক্তিশালী করা | • জিডিপির তুলনায় মোট সরকারি রাজস্বের অনুপাত ২০% এ উন্নীত করা | ৯.৬% (বিবিএস ২০১৪-১৫) | ৩৮ |
| | | • শতভাগ জনসংখ্যাকে ইন্টারনেট সুবিধার আওতায় আনা | ৩০.৩৯% (বিটিআরসি, ২০১৫) | ৩৯ |
| স্থানীয় লক্ষ্যমাত্রা যা ১ টি অতিরিক্ত সূচক সংশ্লিষ্ট জেলা/উপজেলা যে বিষয়ে তুলনামূলক পিছিয়ে আছে সেখান থেকে নিজস্ব বিবেচনায় গ্রহণ করবে। | | | | ৪০ |

০৪.০২.২০১৭

(মোহাম্মদ আলী নেওয়াজ রাসেল)
উপ-পরিচালক
গভর্নেন্স ইনোভেশন ইউনিট
প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।